

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত



“মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার”

জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd
ই-মেইল- info@nhrc.org.bd

স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৪০৬৪

তারিখঃ ১৭.০২.২০২১

বিষয়: জাতীয় মানবাধিকার কমিশন, সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন ও ইউএনডিপি কর্তৃক “Women Safety in Public Places” ক্যাম্পেইন এ সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারীর প্রতি সহিংসতা ও হয়রানী রোধে সচেতনতা বৃদ্ধিতে জাতীয় মানবাধিকার কমিশন ও সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সি.আর.আই) উদ্যোগে এবং ইউএনডিপি’র হিউম্যান রাইটস প্রোগ্রাম এর সহযোগিতায় সম্প্রতি “Women Safety in Public Places” শীর্ষক একটি ক্যাম্পেইন বাস্তবায়নের কাজ শুরু হয়েছে।

০২। ক্যাম্পেইন এর উদ্বোধনী অনুষ্ঠানে ৩টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে উপস্থিত ছিলেন- সি.আর.আই-এর ভাইস চেয়ারপারসন সায়েমা ওয়াজেদ হোসেন; জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান, নাছিমা বেগম এনডিসি এবং ইউ.এন.ডি.পি’র আবাসিক প্রতিনিধি সুদীপ্ত মুখার্জী। অনলাইন এই অনুষ্ঠানে উপস্থিত থেকে মহাপুলিশ পরিদর্শক ড. বেনজীর আহমেদ; প্রধানমন্ত্রীর কার্যালয়ের এস.ডি.জি এফেয়ার্স প্রধান সমন্বয়ক জুয়েনা আজিজ; সংসদ সদস্য আরোমা দত্ত; আই.সি.টি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, এমপি; মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এম.পি; এই ক্যাম্পেইন বাস্তবায়নে তাদের একাত্মতা ঘোষণা করে সার্বিক সহযোগিতা প্রদানে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় একলক্ষ তরুণ-তরুণী এই ক্যাম্পেইন এর অনলাইন অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন।

০৩। উল্লেখ্য যে, ক্যাম্পেইনটি অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সারা দেশব্যাপী পরিচালিত হলেও বাংলাদেশের ১০টি এলাকাঃ সি.আর.আই-এর ইয়ুথ প্ল্যাটফর্ম ইয়াং বাংলার নিম্নলিখিত ১০টি সংগঠন মাঠ পর্যায়ে ক্যাম্পেইন পরিচালনার কাজটি করবেন -

০১। অল ফর ওয়ান, ঢাকা

০২। পেরেন্টস এজিং ফাউন্ডেশন, নারায়নগঞ্জ

০৩। অপরাধিতা যুব কল্যান সংস্থা, খুলনা

০৪। নড়াইল ভলান্টিয়ার্স, নড়াইল

০৫। ইয়ুথ সোসাইটি ফর এনভায়রনমেন্ট এন্ড

ডেভেলপমেন্ট, নাটোর

০৬। ইয়ুথ সোসাইটি ফর এনভায়রনমেন্ট এন্ড ডেভেলপমেন্ট, রাজশাহী

০৭। চৌপাশ নাট্যাঞ্চল, বগুড়া

০৮। বরিশাল ইয়োথ সোসাইটি ও ইয়ুথ নেট ফর ক্লাইমেট

জাস্টিস, বরিশাল


০৯। ডি ইঞ্জিনিয়ার্স ক্লাব, চট্টগ্রাম

১০। জীবন, রাজশাহী

০৪। বর্ণিত প্রেক্ষিতে, আপনার জেলার উল্লেখিত যুব সংগঠনকে “Women Safety in Public Places” শীর্ষক ক্যাম্পেইনটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক

ঢাকা/ নারায়নগঞ্জ/খুলনা/নড়াইল/নাটোর/রাজশাহী/বগুড়া/বরিশাল/চট্টগ্রাম/রাজশাহী


১৭/০২/২০২১
নারায়ণ চন্দ্র সরকার
সচিব (যুগ্ম সচিব)
জাতীয় মানবাধিকার কমিশন

অনুলিপি (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে)-

০১. নির্বাহী পরিচালক, সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সি আর আই), ঢাকা।

০২. ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, হিউম্যান রাইটস প্রোগ্রাম (এইচআরপি), ইউএনডিপি।

০৩. চেয়ারম্যান একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় মানবাধিকার কমিশন।

০৪. সার্বক্ষণিক সদস্যের একান্ত সচিব (সার্বক্ষণিক সদস্য মহোদয়ের অবগতির জন্য), জাতীয় মানবাধিকার কমিশন।

০৫. অফিস কপি।